

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
ঢাকা মেট্রোপলিটন পুলিশ  
উপ-পুলিশ কমিশনার (গুলশান বিভাগ) এর কার্যালয়  
বাড়ি-৫৯, রোড-১৭, ব্লক-ই, বনানী, ঢাকা-১২১৩।

স্মারক নং-ডিএমপি(গুলশান বিভাগ)/প্রশাসন/অনুমতি/২০২৪/ ৩২৪ তারিখ : ০৬/০৬/২০২৪খ্রিঃ।

প্রতি

জনাব লেঃ কমাঃ ফরহাদ সরকার, (জি), পিপিএম, বিএন (অবঃ)  
সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও বিভাগীয় প্রধান  
সিকিউরিটি ম্যানেজমেন্ট ডিভিশন  
এনআরবিসি ব্যাংক পিএলসি  
প্রধান কাফ্যালয়, ১১৪, মতিঝিল, ঢাকা।

বিষয় : এনআরবিসি ব্যাংক পিএলসি এর বার্ষিক সাধারণ সভা (এজিএম) আয়োজনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

উল্লেখিত বিষয় সংক্রান্তে আপনি আগামী ১৩/০৬/২০২৪খ্রিঃ খিলক্ষেত থানাধীন হ্রেস টুয়েন্টি ওয়ান স্মার্ট হোটেল, বাড়ি নং-০১ এবং ০৩, রোড নং-২১, নিকুঞ্জ-০২, ঢাকায় এনআরবিসি ব্যাংক পিএলসি এর বার্ষিক সাধারণ সভা (এজিএম) আয়োজনের অনুমতি চেয়ে আবেদন করেছেন। আপনার আবেদনের প্রেক্ষিতে উক্ত এজিএম আয়োজনের অনুমতি নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রদান করা হলো।

শর্তাবলী

১. স্থান ব্যবহারের জন্য অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে অনুমোদন নিতে হবে।
২. সভাস্থলের চতুর্পার্শ্বে নিরাপত্তা বেটনী তৈরি করতে হবে এবং কোনো প্রকার আইন শৃঙ্খলার বিঘ্ন না ঘটে তা নিশ্চিত করতে হবে।
৩. স্বাস্থ্য অধিদপ্তর/আইইডিসিআর কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি যথাযথ অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনা করতে হবে।
৪. যথাযথ গুরু ও কর পরিশোধ করতে হবে।
৫. বাংলা সংস্কৃতির সাথে সাংঘর্ষিক কোন অনুষ্ঠান আয়োজন করা যাবে না।
৬. কোন প্রকার ডিজে পার্টি বা অশ্লীল অনুষ্ঠান আয়োজন করা যাবে না।
৭. আবেদনের বিষয় ছাড়া অন্য কোন অনুষ্ঠান করা যাবে না।
৮. সভার নিরাপত্তা ও শৃঙ্খলা নিশ্চিতকল্পে পর্যাপ্ত সংখ্যক বেসরকারী নিরাপত্তাকর্মী নিয়োজিত করতে হবে।
৯. সভায় কোন অবাঞ্ছিত ব্যক্তি, মহল বা গোষ্ঠী যাতে নাশকতামূলক কোন কর্মকান্ড ঘটতে না পারে তা যথাযথভাবে নিশ্চিত করতে হবে।
১০. আর্চওয়ের মাধ্যমে প্রত্যেকের তল্লাশী কার্যক্রম নিশ্চিত করতে হবে।
১১. মহিলা দর্শনার্থীদের ক্ষেত্রে পর্দার আড়ালে মহিলা দ্বারা তল্লাশী করতে হবে।
১২. নির্ধারিত স্থানে গাড়ী পার্কিং এর ব্যবস্থা করতে হবে।
১৩. নিজস্ব ব্যবস্থাপনায় Vehicle Scanner/Search Mirror এর মাধ্যমে সকল গাড়ী তল্লাশীর আওতায় আনতে হবে।
১৪. দাহ্য পদার্থ দ্বারা তৈরীকৃত বেলুন, ফেস্টুন ব্যবহার করা যাবে না।
১৫. ব্যাগ, সিগারেট, দিয়াশলাই, লাইটার ইত্যাদি নিয়ে সভাস্থলে প্রবেশ করা যাবে না।

A Permission 2024

১৬. শব্দ যন্ত্র ব্যবহারের ফলে আশেপাশের লোকজনের যেন, কোন অসুবিধা না হয় সেটি নিশ্চিত করতে হবে। আযানের সময় শব্দযন্ত্রের ব্যবহার বন্ধ রাখতে হবে।
১৭. আতশবাজী/পটকা ফোটানো যাবে না।
১৮. আগত অতিথিদের যথাযথ নজরদারীর আওতায় নিয়ে আসার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১৯. রাষ্ট্র বিরোধী কোন বক্তব্য প্রদান/ধর্মীয় অনুভূতির উপর আঘাত আসতে পারে এমন কার্যকলাপ করা যাবে না।
২০. মাদকদ্রব্য যেমন মদ, বিয়ার, এ্যালকোহল জাতীয় দ্রব্য সেবন, বিক্রয় বা হেফাজতে রাখা হতে সম্পূর্ণভাবে বিরত থাকতে হবে। এমন কিছু প্রদর্শিত হলে আয়োজক ব্যক্তি/প্রতিষ্ঠানকে দায়ী করা হবে।
২১. সভা ১৩.০০ ঘটিকার মধ্যে শেষ করতে হবে।
২২. আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটলে আয়োজনকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
২৩. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত অনুমতি আদেশ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
২৪. উপরোক্ত শর্তাবলীর যে কোন একটি বা একাধিক লঙ্ঘন/অমান্য করা হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



রিফাত রহমান শামীম, পিপিএম বার

বিপি নং-৭৩০৫১০০৯৯৯

(অতিরিক্ত ডিআইজি)

উপ-পুলিশ কমিশনার (গুলশান বিভাগ)

ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা

ফোন-০২২২২২৮০০৭২, ফ্যাক্স-০২২২২২৮৭৬৩৮

ই-মেইল-dcgulshan@dmp.gov.bd

স্মারক নং-ডিএমপি(গুলশান বিভাগ)/প্রশাসন/অনুমতি/২০২৪/ ৩২২৪ তারিখ : ০৬/০৬/২০২৪খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ক্যান্টনমেন্ট জোন), ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
- ২। অফিসার ইনচার্জ, খিলক্ষেত থানা, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা। উল্লিখিত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালনের নিশ্চয়তা বিধানের পাশাপাশি প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করবেন।



রিফাত রহমান শামীম, পিপিএম বার

বিপি নং-৭৩০৫১০০৯৯৯

(অতিরিক্ত ডিআইজি)

উপ-পুলিশ কমিশনার (গুলশান বিভাগ)

ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা

ফোন-০২২২২২৮০০৭২, ফ্যাক্স-০২২২২২৮৭৬৩৮

ই-মেইল-dcgulshan@dmp.gov.bd